68

দৈনিক ইত্তেফাক

তারিখ 21 JAN 1995
পৃষ্ঠা ১ কলাম ৫

## 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা শুরু হইবে ২৪শে জানুয়ারী রাত ২টায়

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বিরোধীদলসমূহের হরতাল কর্মসূচীর কারণে আগামী ২৫শে জানুয়ারী অনুষ্ঠিতব্য 'ও' লেভেল এবং 'এ' লেভেল পরীক্ষার সময়সূচীর পরিবর্তন করা হই-

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### ও এবং এলেভেল পরীক্ষা

( ১ম পৃঃ পর )

য়াছে। পরিবর্তিত সময়সূচী অনুযায়ী ২৫শে জানুয়ারী সকাল ৯টা হইতে অনুষ্ঠিতব্য কেমিষ্ট্রি বিষয়ের পরীক্ষাটি ২৪শে জানুয়ারী দিবাগত রাত ২টা হইতে ভোর ৫টা এবং পিওরীম্যাথ বিষয়ের পরীক্ষা ২৫শে জানুয়ারী বেলা দেড়টার পরিবর্তে একইদিন সকাল ৭টায় অনুষ্ঠিত হইবে। অবশিষ্ট পরীক্ষাগুলি নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হইবে।

এদিকে 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষার্থীদের ৪৭ জন অভিভাবক গতকাল এক বিবৃতিতে ২৬শে জানুয়ারী পর্যন্ত হরতাল কর্মসূচী স্থগিত রাখার জন্য বিরোধীদলসমূহের নেতৃবৃন্দের প্রতি আবেদন জানাইয়াছেন।